

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/তথ্য/৩-৬/২০১৪/ ১১৭)

তারিখ: ১৯/১০/২০১৫

বিষয়: উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে অসত্য তথ্য প্রদানের মাধ্যমে অতিরিক্ত শিক্ষার্থী অন্তর্ভুক্তির জন্য Co-operation Agreement বাতিলকরণ প্রসংগে।


সূত্র: মাউশি/সেসিপ/এসপিএসইউ/তথ্য/৩-৬/২০১৪/১১৭, তারিখ: ১৯.১০.২০১৫

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত তদন্ত প্রতিবেদনের মাধ্যমে জানা যায় যে, ২০১৫ সালে উপবৃত্তি প্রাপ্তির জন্য আপনার প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে প্রাপ্যতার অতিরিক্ত ২২ জন শিক্ষার্থী এবং ৯ম শ্রেণিতে প্রাপ্যতার অতিরিক্ত ৩৪ জন শিক্ষার্থীর নাম অন্তর্ভুক্ত করা হয়েছে।

০২। উপরে বর্ণনা মোতাবেক প্রতীয়মান হয় যে, অসত্য তথ্যের মাধ্যমে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে অতিরিক্ত শিক্ষার্থী উপবৃত্তির জন্য অন্তর্ভুক্তির ফলে উপবৃত্তি কার্যক্রমে অনিয়ম করা হয়েছে। যাহা প্রতিষ্ঠানের সাথে SESIP-এর সম্পাদিত (Co-operation Agreement)-চুক্তির সুস্পষ্ট লঙ্ঘন।

০৩। বর্ণিত অবস্থায় SESIP-এর সাথে তাঁর প্রতিষ্ঠানের বিগত ৩০.০৯.২০১৪ তারিখে সম্পাদিত Co-operation Agreement-এর Section 2.02 এর Sub-Section (n) এবং Section 2.05-এর Sub-Section (a) (b) (c) (d) (i) লঙ্ঘনের দায়ে কেন চুক্তিটি বাতিল করা হবে না এবং তাঁর প্রতিষ্ঠানকে উপবৃত্তি কার্যক্রমের বাহিরে রাখা হবে না তার ব্যাখ্যা আগামী ২৫.১০.২০১৫ তারিখের মধ্যে প্রদানের জন্য বলা হলো।

০৪। উল্লেখ্য নির্দিষ্ট সময়ের মধ্যে কোন জবাব পাওয়া না গেলে একতরফাভাবেই চুক্তিটি বাতিলকরত: পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


১৯.১০.১৫
রতন কুমার রায় (অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক

প্রধান শিক্ষক
খিরশিন মডেল হাই স্কুল, পবা, রাজশাহী।

অনুলিপি:

- ১। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পবা, রাজশাহী।
- ৩। সভাপতি, ম্যানেজিং কমিটি, খিরশিন মডেল হাই স্কুল, পবা, রাজশাহী।
- ৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পবা, রাজশাহী।